




খামেনিকে শেষ শ্রদ্ধা জানালেন স্পিকার হাফিজ উদ্দিন



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির প্রতি শেষ শ্রদ্ধা জানিয়েছেন বাংলাদেশের পার্লামেন্ট স্পিকার অবসরপ্রাপ্ত মেজর হাফিজ উদ্দিন আহমদ। শুক্রবার (৩ জুলাই) তেহরানের গ্র্যান্ড মোসাল্লা মসজিদে আয়োজিত রাষ্ট্রীয় শ্রদ্ধা অনুষ্ঠানে তিনি অংশ নেন। শ্রদ্ধা নিবেদনের আগে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ইরানের ইসলামিক কনসাল্টেটিভ অ্যাসেম্বলির স্পিকার মোহাম্মদ বাঘের গালিবায়ের সঙ্গে সৌজন্য বৈঠক করেন। বৈঠকের শুরুতে গালিবায় বাংলাদেশ প্রতিনিধি দলকে স্বাগত জানান। আলোচনায় হাফিজ উদ্দিন আহমদ খামেনির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ঘটনাটির নিন্দা জানান। একই সঙ্গে তিনি বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে ইরান সরকার এবং দেশটির জনগণের প্রতি সমবেদনা ও সংহতি প্রকাশ করেন। বৈঠকে দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সাংস্কৃতিক যোগাযোগ এবং পারস্পরিক সহযোগিতার বিষয়ও উঠে আসে। স্পিকার আশা প্রকাশ করেন, বাংলাদেশ ও ইরানের ঐতিহাসিক সম্পর্ক ভবিষ্যতে আরও শক্তিশালী হবে। এর আগে বৃহস্পতিবার রাষ্ট্রীয় জানাজায় অংশ নিতে প্রতিনিধি দলসহ তেহরানে পৌঁছান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। বিমানবন্দরে তাকে স্বাগত জানান ইরানের ডেপুটি স্পিকার হামিদ রেজা হাজি বাবাই।